গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd
সংস্থাপন শাখা-১

মুজিববর্ষের অঙ্গীকার
গণপূর্ত টেকসই উন্নয়নের অঙ্গীকার।

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২১৫.২২.১০২.২০-৮৬৪

তারিখঃ ০২ আষাঢ় ১৪২৮ / ১৬ জুন ২০২১

বিষয়ঃ ডেঙ্গু মশার বিস্তার প্রতিরোধ প্রসঙ্গে।

সূত্রঃ অত্র দপ্তরের দপ্তরাদেশ নম্বর ২৫.৩৬.০০০০.২১৫.২২.১০৭.২০-৭৫৩, তারিখঃ ৩০/০৫/২০২১

সম্মানের সাথে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সারাদেশে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন সকল সরকারি অফিস-আদালত ও আবাসিক ভবন এলাকার সকল স্থাপনা ও এর আশেপাশের আঙ্গিনা নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করে ডেঙ্গু মশার বিস্তার রোধ করা এবং সকল অফিস-আদালত ও বাসা বাড়ির আঙ্গিনা ঝোপ-ঝাঁড় ও আগাছা মুক্ত রাখা, সংলগ্ন রাস্তা, ড্রেইন নিয়মিত পরিষ্কার রাখা ও জমানো পানির সকল উৎস যথাসম্ভব অপসারণ পূর্বক নিয়মিতভাবে জীবানু-নাশক ছিটানোর ব্যবস্থা গ্রহণ করার জন্য সূত্রস্থ দপ্তরাদেশের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা মোতাবেক ১০(দশ) দিনের মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করে এ সংক্রান্ত বাস্তবায়ন রিপোর্ট আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি অত্র দপ্তরে কোন রিপোর্ট প্রেরণ করা হয়নি।

এমতবস্থায়, আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করে এ সংক্রান্ত বাস্তবায়ন রিপোর্ট আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ই-মেইল এবং হার্ড কপি প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

16.06.2021
(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২-৩৩৮০৯৯৯
se_est@pwd.gov.bd

বিতরণ কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস) (পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম)/(ই/এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/রংপুর।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/(উন্নয়ন)/(পিপিসি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ..... গণপূর্ত সার্কেল .....
০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা। পত্রটি গণপূর্ত অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৬। নির্বাহী প্রকৌশলী ..... গণপূর্ত বিভাগ- .....

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, গুলশান-২, ঢাকা।
০২। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
০৩। মুখ্য সমন্বয়ক, (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।